# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
## শ্রেণি- প্রথম
## বিষয়- গণিত
## একক-সমস্যার সরল

১|ক) ৭+৮+৪+২

খ) ৭+৮-৪-২

উপরের অঙ্কদুটির মধ্যে কোনটি সরল অঙ্ক?কেন?

উ:-৭+৮-৪-২ – সরল অঙ্ক ।

কারণ এখানে একাধিক প্রক্রিয়ার কাজ আছে ।

২|উপরের সরল অঙ্কটিতে কোন কোন চিহ্নের কাজ আছে?

উ:-যোগ ও বিয়োগ প্রক্রিয়ার কাজ আছে ।

৩| ৭ এর আগে কোনো চিহ্ন নেই তাহলে ৭ এর আগে কোন চিহ্ন ধরে নেব?

উ:-যোগ চিহ্ন ।

৪|যোগের দলের সংখ্যা কোনগুলি?

উ:-৭,৮

৫|বিয়োগের দলের সংখ্যা কোনগুলি?

উ:-৪,২

৬|বিয়োগের দলের সংখ্যাগুলিকে ঘরের মধ্যে কী চিহ্ন দিয়ে লিখব?ঘরের বাইরে কোন চিহ্ন বসবে?

উ:-যোগ চিহ্ন । বিয়োগ চিহ্ন ।

৭|সমস্যা বলতে কী বোঝ?

উ:-বাধা বা বিপদ।

৮|একটি অঙ্ককে শুধুমাত্র সংখ্যা ও চিহ্ন দিয়ে প্রকাশ করলে তাকে কী বলে?

উ:-অঙ্কের ভাষা বলে।

৯|সমস্যার সরল বলতে কী বোঝ?

উ:-প্রশ্নের সরল অঙ্ককে সমস্যার সরল বলে।

১০|তোমার কাছে ১০টি মার্বেল ছিল।তোমার দাদা তোমাকে আরও ৪টি মার্বেল দিল।তোমার কাছে মোট কটি মার্বেল আছে?

ক)এটা কী অঙ্ক?

খ)যোগ করলে সংখ্যার মান বাড়ে না কমে?

উ:-ক) সমস্যার যোগ অঙ্ক ।

খ) যোগ করলে সংখ্যার মান বাড়ে ।

১১|তোমার বাবা ১২টা কলা এনেছে।তার থেকে ২টি তুমি খেয়ে নিলে৷কটা কলা রইল?
ক) এটি কী অঙ্ক?
খ) এটা যে সমস্যার বিয়োগ তা কী দেখে বুঝলে?

উ:-ক) এটি সমস্যার বিয়োগ অঙ্ক ।

খ) প্রশ্নের বিয়োগ অঙ্ক (সরাসরি বিয়োগ করতে বলা হয়নি ।প্রশ্নটা পড়ে বুঝতে হয়েছে।

১২|একটি বাসে ৬০ জন যাত্রী ছিল।পথে এক জায়গায় ১০ জন যাত্রী নেমে গেল ও ২২ জন উঠল।পরে আরো ১৮ জন যাত্রী নেমে গেল এবং ১২ জন যাত্রী উঠল।এখন বাসে মোট কত জন যাত্রী আছে?

Sub-question:-

ক) এটি কী অঙ্ক?

উ:–সমস্যার অঙ্ক ।

খ)প্রথমে বাসে কতজন যাত্রী ছিল?

উ:-৬০ জন।

গ)নেমে গেল কতজন?

উ:-১০ জন।

ঘ)নেমে গেলে যাত্রী সংখ্যা বাড়বে না কমবে?

উ:-কমবে।

ঙ)কমলে কী অঙ্ক করি?

উ:-বিয়োগ অঙ্ক ।

চ)প্রথমে কতজন যাত্রী উঠল?

উ:-২২ জন।

ছ)উঠলে যাত্রী সংখ্যা বাড়বে না কমবে?

উ:-বাড়বে।

জ)বাড়লে কী অঙ্ক করি?

উ:-যোগ অঙ্ক।

ঝ)পরে আরো কতজন যাত্রী নামল?

উ:-১৮ জন।

ঞ)নেমে গেল অর্থাৎ কমে গেল।তাহলে কী অঙ্ক করব?

উ:-বিয়োগ অঙ্ক।

ট)পরে আরো কতজন যাত্রী উঠল?

উ:-১২ জন।

ঠ)তাহলে এই অঙ্কটিতে কী কী প্রক্রিয়া আছে?

উ:-যোগ ও বিয়োগ।

ড)একাধিক প্রক্রিয়া থাকলে তাকে কী অঙ্ক বলে?

উ:-সরল অঙ্ক।

ঢ)এটি কী ধরনের সরল?

উ:-সমস্যার সরল।

অঙ্কের ভাষায় সমস্যাটি হল-

৬০-১০+২২-১৮+১২=?

৬০-১০+২২-১৮+১২
= ৬০+২২+১২-১০-১৮
=(৬০+২২+১২)-(১০+১৮)
=৯৪-২৮
=৬৬

উ:-এখন বাসে মোট ৬৬ জন যাত্রী আছে ।

১৩|তোমার বাবা বাজার থেকে মোট ১ ডজন কলা কিনে এনেছেন।তার থেকে ২টো কলা তুমি খেলে আর তোমার বোন ২টো খেল।পরে মা আবার ৫টা কলা কিনে আনলেন।মোট কতগুলি কলা রইল?

১ ডজন=১২টি।

অঙ্কের ভাষায় সমস্যাটি হল-

১২-২-২+৫=?

১২-২-২+৫

= ১২+৫-২-২

=(১২+৫)-(২+২)

=১৭-৪

=১৩

উ:-মোট ১৩টি কলা রইল।

১৪|একটি গল্পের বইয়ের মোট ৭৫টি পৃষ্ঠা ছিল।প্রথম দিন ২২পৃষ্ঠা,দ্বিতীয় দিন ৫পৃষ্ঠা ও তৃতীয় দিন ১৬পৃষ্ঠা পড়লে।বইটিতে আর কত পৃষ্ঠা পড়তে বাকী আছে?

অঙ্কের ভাষায় সমস্যাটি হল-
৭৫-২২-৫-১৬=?
৭৫-২২-৫-১৬
=৭৫-(২২+৫+১৬)
=৭৫-৪৩
=৩২

উ:-বইটিতে আর ৩২পৃষ্ঠা পড়তে বাকী আছে।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRAI